

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৮৪৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১২. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাতে ক্বিরাআতের বর্ণনা

আরবী

عَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَفْتَتِحُ صَلَاتَهُ بِ (بِسم الله الرَّحْمَنِ الرَّحِيم) الرَّحْمَنِ الرَّحِيم) رَوَاهُ التِّرْمِذِيُّ وَقَالَ: هَذَا حَدِيثٌ لَيْسَ إِسْنَادُهُ بِذَاكَ

বাংলা

৮৪৪-[২৩] ('আবদুল্লাহ) ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেছেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ''বিসমিল্লা-হ''-এর সাথে সালাত (সালাত/নামায/নামাজ) শুরু করতেন। (তিরমিযী;[1]

ইমাম তিরমিয়ী বলেন, হাদীসের সানাদ শক্তিশালী নয়।

ফুটনোট

[1] সানাদ দুর্বল : তিরমিযী ২৪৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: বিসমিল্লা-হ সহকারে শুরু করার অর্থ হলো বিসমিল্লা-হ-কে চুপে চুপে পড়তেন। কেননা পূর্বে হাদীসে বর্ণিত হয়েছে যে, তিনি ''আলহামদুলিল্লা-হ'' দ্বারাই সালাত (সালাত/নামায/নামাজ) শুরু করতেন, এভাবে উভয় হাদীসের মধ্যে সামঞ্জস্য বজায় থাকবে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন